ই-মেইল/ফ্যাক্স/ডাকযোগে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.২০.০০১.১৮-১০০

তারিখ: ৩০ বৈশাখ ১৪২৫ / ১৩ মে ২০১৮

বিষয়ঃ **১০/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে ১০/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বিএমসি সভার কার্যবিবরণী-৩ পাতা।
কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা-২ পাতা।

১৩.০৫.২০১৮

(মোঃ আবু বকর সিদ্দিক)
উপসচিব (অ: দা:)
ফোন নং-৯৫৫১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. অতিরিক্ত সচিব (মৎস্য/প্রশাসন/প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১/প্রাণিসম্পদ-৪/ব্লু ইকোনমি/নিরীক্ষা/প্রাণিসম্পদ-৩), মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)।
৬. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৮. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১১. উপ-পরিচালক, মৎস্য ও প্রানিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১২. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৩. উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রানিজ সম্পদ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিস্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৮. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

*E:\Budget Section\Minutes (Nikosh)\Forwarding.doc*

# ১০/০৫/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>ভারপ্রাপ্ত সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ১০/০৫/২০১৮ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট) কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) বিগত ০৩/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে-এর উপর কমিটির সকল সদস্যগণের মতামত আহ্বান করেন। এ প্রেক্ষিতে কমিটির সকল সদস্য বর্ণিত কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে কারও কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**১.০ আলোচ্যসূচি-১: ২০১৮-১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমার বাজেট প্রাক্কলন এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমার প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) মন্ত্রণালয়সহ অধিদপ্তর/দপ্তর/সংস্থার বিপরীতে বিভাজনের নিমিত্ত সম্ভাব্য ব্যয়সীমা সংশোধন/পুনর্নির্ধারণঃ**

যুগ্মসচিব (বাজেট) আগামী ২০১৮-১৯ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) প্রাক্কলন এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) প্রক্ষেপণ সভায় আলোচনার জন্য উপস্থাপন করেন। যুগ্মসচিব (বাজেট) সভায় অবহিত করেন যে, রাজস্ব আয় ও ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণের জন্য বাজেট পরিপত্র-২ মোতাবেক মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থার মধ্যে সিলিং-এর ভিত্তিতে বিভাজন করা হয়েছে। অর্থ বিভাগ হতে ২০১৮-১৯ অর্থ বছরের প্রাক্কলন এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের প্রক্ষেপণের সিলিং নিম্নরূপে নির্ধারিত রয়েছেঃ

রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

| কোড | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৬৮.৪৩ | ৭৬.৬৪ | ৮৫.৮৪ |

মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা

(কোটি টাকায়)

| কোড | মন্ত্রণালয়/ বিভাগ | ২০১৮-১৯ অর্থবছরের জন্য প্রস্তাবিত ব্যয়সীমা | | | | মোট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিচালন | উন্নয়ন | | | | ২০১৯-২০ | ২০২০-২১ |
| | | | জিওবি | পিএ | উপমোট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৯৮৫.০০ | ৬৮১.১২ | ২০২.৫৫ | ৮৮৩.৬৭ | ১৮৬৮.৬৭ | ২০৫৫.৫৪ | ২২৬১.০৯ |

অর্থ বিভাগ হতে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, প্রস্তাবিত ব্যয়সীমার আলোকে ২০১৮-২০১৯ অর্থবছরের প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) মন্ত্রণালয়সহ দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপ বিভাজন সভায় আলোচনাক্রমে পুন:বন্টন করা হয়ঃ

## রাজস্ব প্রাপ্তি মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে বন্টন

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| সচিবালয় | ১০৬.৬০ | ৪২.৮০ | ৪৬.৮০ | ৪৯.৭৫ |
| মৎস্য অধিদপ্তর | ১৯১৫.৯০ | ২১৭৯.০০ | ২৪৮৩.০০ | ২৭৯০.০০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৩৮৮৮.২৫ | ৪৫৬৫.০০ | ৫০৫১.০০ | ৫৬৫৬.০০ |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৫৩.০৫ | ৪৬.০০ | ৪৮.০০ | ৫০.০০ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.৪০ | ০.২০ | ০.২০ | ০.২৫ |
| মোট | ৫৯৬৪.২০ | ৬৮৩৩.০০ | ৭৬২৯.০০ | ৮৫৪৬.০০ |
| স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান | | | | |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ২৭.০০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | ২.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ৯০.৪৮ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান | ১১৯.৪৮ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| মোট | ৬০৮৩.৬৮ | ৬৮৪৩.০০ | ৭৬৩৯.০০ | ৮৫৫৬.০০ |

## প্রস্তাবিত ব্যয়সীমা (পরিচালন ও উন্নয়ন) মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে বন্টন

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | সংশোধিত বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ |
| সচিবালয় | | | | |
| মোট সাধারণ কার্যক্রম | ১৯৪৫.৭০ | ১৫৬০.২৫ | ১৭০৬.৮৪ | ১৮৫৯.০০ |
| বিশেষ কার্যক্রম | | | | |
| | ১০.০০ | ২১.১০ | ২৩.১৬ | ২৬.০০ |
| | ৩৫.০০ | ৩৫.০০ | ৩৫.০০ | ৩৫.০০ |
| | ৬০০.০০ | ৬৫০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ |
| মোট বিশেষ কার্যক্রম | ৬৪৫.০০ | ৭০৬.১০ | ৭৫৮.১৬ | ৭৬১.০০ |
| মোট পরিচালন | ১৯৫৫.৭০ | ২২৬৬.৩৫ | ২৪৬৫.০০ | ২৬২০.০০ |
| জিওবি (উন্নয়ন) | | | ১৫০০.০০ | ৩০০০.০০ |
| পিএ (উন্নয়ন) | - | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন(জিওবি+পিএ) | ০.০০ | ০.০০ | ১৫০০.০০ | ৩০০০.০০ |
| জিওবি (উন্নয়ন থোক) | | ৫৮৭৩.০০ | ৯৫০০.০০ | ১০০০০.০০ |
| পিএ (উন্নয়ন থোক) | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট থোক (জিওবি+পিএ) | ০.০০ | ৫৮৭৩.০০ | ৯৫০০.০০ | ১০০০০.০০ |
| সর্বমোট উন্নয়ন(জিওবি+পিএ+থোক) | ০.০০ | ৫৮৭৩.০০ | ১১০০০.০০ | ১৩০০০.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | ১৯৫৫.৭০ | ৮১৩৯.৩৫ | ১৩৪৬৫.০০ | ১৫৬২০.০০ |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | সংশোধিত বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ |
| আন্তর্জাতিক সংস্থার চাঁদা | | | | |
| উপমোট (সহায়তা কার্যক্রম) | ৭৮.৫০ | ৭৩.০০ | ৭৪.০০ | ৭৭.০০ |
| মেরিন ফিশারিজ একাডেমী | | | | |
| মোট সাধারণ কার্যক্রম | ৭৫৩.০০ | ৭৮৫.০০ | ৮৬৫.০০ | ৯৫৪.০০ |
| বিশেষ কার্যক্রম | ০.০০ | ২০.০০ | ২০.০০ | ২০.০০ |
| মোট পরিচালন | ৭৫৩.০০ | ৮০৫.০০ | ৮৮৫.০০ | ৯৭৪.০০ |
| জিওবি (উন্নয়ন) | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | ৭৫৩.০০ | ৭৮৫.০০ | ৮৬৫.০০ | ৯৫৪.০০ |
| স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ | | | | |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট | | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৩০৫১.০০ | ৩২৬৫.০০ | ৩৫৯১.০০ | ৩৯৫০.০০ |
| নিজস্ব আয় | ২৪.০০ | ২৭.০০ | ২৮.০০ | ২৯.০০ |
| মোট সহায়তা (সরকারি অংশ) | ৩০২৭.০০ | ৩২৩৮.০০ | ৩৫৬৩.০০ | ৩৯২১.০০ |
| জিওবি (উন্নয়ন) | ১৩৩০.০০ | ৩৪৪৯.০০ | ৩৪২০.০০ | ৩৬৯০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ১৩৩০.০০ | ৩৪৪৯.০০ | ৩৪২০.০০ | ৩৬৯০.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | ৪৩৮১.০০ | ৬৭১৪.০০ | ৭০১১.০০ | ৭৬৪০.০০ |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট | | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ২৯২৬.০০ | ৩১২৯.০০ | ৩৪৪১.০০ | ৩৭৮৬.০০ |
| নিজস্ব আয় | ৯০.০০ | ৯৫.০০ | ৯৬.০০ | ৯৭.০০ |
| মোট সহায়তা (সরকারি অংশ) | ২৮৩৬.০০ | ৩০৩৪.০০ | ৩৩৪৫.০০ | ৩৬৮৯.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৩০৩৮.০০ | ২৫৭৩.০০ | ৩০০০.০০ | ৪০০০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ২৪৫.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ৩০৩৮.০০ | ২৮১৮.০০ | ৩০০০.০০ | ৪০০০.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | ৫৯৬৪.০০ | ৫৯৪৭.০০ | ৬৪৪১.০০ | ৭৭৮৬.০০ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৮৭.৩৮ | ৯৬.০০ | ১০৫.০০ | ১১৬.০০ |
| নিজস্ব আয় | ২.০০ | ৩.০০ | ৩.০০ | ৪.০০ |
| মোট সহায়তা (সরকারি অংশ) | ৮৫.৩৮ | ৯৩.০০ | ১০২.০০ | ১১২.০০ |
| জিওবি (উন্নয়ন) | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | ৮৭.৩৮ | ৯৬.০০ | ১০৫.০০ | ১১৬.০০ |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | | | | |
| মোট সহায়তা | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| লভ্যাংশ ও মুনাফা | | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| মোট সহায়তা (সরকারি অংশ) | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৪৪১২.০০ | ৬৪৯৫.০০ | ৫৫০০.০০ | ৬০০০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ৪৪১২.০০ | ৬৪৯৫.০০ | ৫৫০০.০০ | ৬০০০.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | ৪৪১২.০০ | ৬৪৯৫.০০ | ৫৫০০.০০ | ৬০০০.০০ |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | সংশোধিত বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ |
| মোট-স্বায়ত্তশাসিত (সহায়তা) | ৫৯৪৮.৩৮ | ৬৩৬৫.০০ | ৭০১০.০০ | ৭৭২২.০০ |
| মোট-স্বায়ত্তশাসিত (নিজস্ব আয়) | ১১৬.০০ | ১৩৫.০০ | ১৩৭.০০ | ১৪০.০০ |
| মোট-স্বায়ত্তশাসিত (উন্নয়ন) | ৮৭৮০.০০ | ১২৭৬২.০০ | ১১৯২০.০০ | ১৩৬৯০.০০ |
| মোট সাধারণ কার্যক্রম | ২৬৯৮.৭০ | ২৩৪৫.২৫ | ২৫৭১.৮৪ | ২৮১৩.০০ |
| বিশেষ কার্যক্রম | | | | |
| নিয়োগ | | ৪১.১০ | ৪৩.১৬ | ৪৬.০০ |
| (সমাপ্ত উন্নয়ন প্রকল্প+বিশেষ অপারেশন) | | ৬৮৫.০০ | ৭৩৫.০০ | ৭৩৫.০০ |
| মোট বিশেষ কার্যক্রম | | ৭২৬.১০ | ৭৭৮.১৬ | ৭৮১.০০ |
| মোট সহায়তা কার্যক্রম | ৬০২৬.৮৮ | ৬৪৩৮.০০ | ৭০৮৪.০০ | ৭৭৯৯.০০ |
| মোট সচিবালয় (পরিচালন) | ৮৭২৫.৫৮ | ৯৫০৯.৩৫ | ১০৪৩৪.০০ | ১১৩৯৩.০০ |
| মোট সচিবালয় (উন্নয়ন) | ৮৭৮০.০০ | ১৮৬৩৫.০০ | ২২৯২০.০০ | ২৬৬৯০.০০ |
| মোট সচিবালয় (পরিচালন+উন্নয়ন) | ১৭৫০৫.৫৮ | ২৮১৪৪.৩৫ | ৩৩৩৫৪.০০ | ৩৮০৮৩.০০ |
| মৎস্য অধিদপ্তর | | | | |
| মোট পরিচালন | ২৫৯৭৪.০০ | ২৭০৬৩.০০ | ২৯৮৮৫.০০ | ৩২৮৭৩.০০ |
| জিওবি (উন্নয়ন) | ২৫৭৮৭.০০ | ২৫৬৪৭.০০ | ৩০০০০.০০ | ৩৫০০০.০০ |
| পিএ (উন্নয়ন) | ৯১৭৪.০০ | ৯৮৮৬.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ৩৪৯৬১.০০ | ৩৫৫৩৩.০০ | ৩০০০০.০০ | ৩৫০০০.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | ৬০৯৩৫.০০ | ৬২৫৯৬.০০ | ৫৯৮৮৫.০০ | ৬৭৮৭৩.০০ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | | | | |
| মোট পরিচালন | ২৬৪.০০ | ২৯০.০০ | ৩১৯.০০ | ৩৫০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | ২৬৪.০০ | ২৯০.০০ | ৩১৯.০০ | ৩৫০.০০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | | | | |
| মোট পরিচালন | ৫৮৭৫৫.৪৭ | ৬১৬৩৭.৬৫ | ৬৭৬১৬.০০ | ৭৪৩৭৭.০০ |
| জিওবি (উন্নয়ন) | ২৯০২৩.০০ | ২৪০৭৫.০০ | ৪৪৩৮০.০০ | ৪৫৪২৬.০০ |
| পিএ (উন্নয়ন) | ৯৬৬১.০০ | ১০১২৪.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ৩৮৬৮৪.০০ | ৩৪১৯৯.০০ | ৪৪৩৮০.০০ | ৪৫৪২৬.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | ৯৭৪৩৯.৪৭ | ৯৫৮৩৬.৬৫ | ১১১৯৯৬.০০ | ১১৯৮০৩.০০ |
| সর্বমোট মোট (পরিচালন) | ৯৩৭১৯.০৫ | ৯৮৫০০.০০ | ১০৮২৫৪.০০ | ১১৮৯৯৩.০০ |
| মোট জিওবি (উন্নয়ন) | ৬৩৫৯০.০০ | ৬৮১১২.০০ | ৯৭৩০০.০০ | ১০৭১১৬.০০ |
| মোট পিএ (উন্নয়ন) | ১৮৮৩৫.০০ | ২০২৫৫.০০ | ০.০০ | ০.০০ |
| সর্বমোট মোট উন্নয়ন (জিওবি+পিএ) | ৮২৪২৫.০০ | ৮৮৩৬৭.০০ | ৯৭৩০০.০০ | ১০৭১১৬.০০ |
| সর্বমোট (পরিচালন+উন্নয়ন) | ১৭৬১৪৪.০৫ | ১৮৬৮৬৭.০০ | ২০৫৫৫৪.০০ | ২২৬১০৯.০০ |

অর্থ বিভাগ হতে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, প্রস্তাবিত ব্যয়সীমা ও বৈদেশিক সহায়তার প্রক্ষেপণের ব্যয়সীমা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশ নিয়ে মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক জানান, অর্থ বিভাগ থেকে যে সিলিং দেয়া হয়েছে তা বাস্তবতার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। কেননা এ মন্ত্রণালয় থেকে উক্ত সিলিং অনুসারে মৎস্য অধিদপ্তরের অনুকূলে যে বিভাজন দেয়া হয়েছে তা অপ্রতুল। আলোচনায় অংশ নিয়ে প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে আরো অতিরিক্ত ৫ কোটি টিকা উৎপাদনের জন্য পরিচালন খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন।

সভাপতি প্রাণিসম্পদ অধিদপ্তরের টিকা উৎপাদনের পরিমাণ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন এবং প্রয়োজনে এ খাতে APA এর লক্ষ্যমাত্রা অর্জনে অতিরিক্ত বরাদ্দ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি মন্ত্রণালয়ের খাত থেকে অর্থ কমিয়ে মৎস্য অধিদপ্তরের অনুকূলে প্রদানের জন্য অভিমত জানান। যুগ্মসচিব (বাজেট) মন্ত্রণালয়ের বিশেষ অপারেশন খাতে যে অর্থ রাখা হয়েছিল তা থেকে ৫০ লক্ষ টাকা মৎস্য অধিদপ্তরের অনুকূলে প্রদান করা যেতে পারে বলে প্রস্তাব করেন। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন। সভার সভাপতি বর্তমান অর্থবছরের সংশোধিত বাজেটে এ মন্ত্রণালয়ের উন্নয়ন খাতে অপ্রতুল বরাদ্দের বিষয় উল্লেখ করে প্রকল্প বাস্তবায়নে আরো দক্ষতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

আলোচনায় অংশ নিয়ে যুগ্মপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন সংশ্লিষ্ট সংস্থা হতে প্রকল্পগুলো সঠিকভাবে উপস্থাপন করা হয় না বিধায় অনুমোদনের ক্ষেত্রে জটিলতা দেখা দেয়।

সভাপতি বলেন, ছোট প্রকল্প অনুমোদন করতে যে শ্রম ও সময় প্রয়োজন হয়, বড় প্রকল্প অনুমোদনের ক্ষেত্রেও একই শ্রম ও সময় প্রয়োজন হয় বিধায় ক্ষুদ্র প্রকল্প উপস্থাপন না করে বৃহৎ প্রকল্প যথাযথভাবে উপস্থাপনের জন্য তিনি দিকনির্দেশনা প্রদান করেন। তিনি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের কাজের মান ও দক্ষতা নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। প্রকল্প পরিচালকদের প্রশিক্ষণ ও দক্ষতার অভাবে প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থ নির্দিষ্ট সময়ের মধ্যে ব্যয় করা সম্ভব হয় না মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। প্রকল্প উপস্থাপন, কাজের মান ও গতি বাড়ানোর জন্য তিনি প্রকল্প পরিচালকদের প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**সিদ্ধান্তসমূহঃ**

১.১ ২০১৮-১৯ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) প্রাক্কলন এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) প্রক্ষেপণ তথা বিভাজন অনুমোদন করা হয় এবং তা অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়;

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রইছউল আলম মন্ডল
ভারপ্রাপ্ত সচিব
ও
সভাপতি, বিএমসি কমিটি।